



বর্ষ ৫ সংখ্যা ১৫

## সূ চি প ত্র

### ২৭ মন্ত্রীদের ব্যবস্থা বছরে খরচ ৮৪ কোটি টাকা

বাংলাদেশ একটি ছোট দেশ। দেশের মানুষগুলো শীর্ণ-দরিদ্র। অর্থনীতি অনুর্বর, দুর্বল- দেশের মানুষগুলোর মতোই। এই দরিদ্র মানুষের অর্থেই চলে একটি দেশ। এই দরিদ্র মানুষের ভোটেই নির্বাচিত হয়ে গঠিত হয় সরকার, জন্ম নেয় মন্ত্রীরা। সেই রাজনীতিবিদ মন্ত্রী হয়ে ভুলে যায় দরিদ্র মানুষগুলোর কথা। রাষ্ট্র ক্ষমতার সাপোর্ট নিয়ে আগারওয়ালরা শত কোটি টাকা নিয়ে চলে যান দেশ ছেড়ে, নির্বিঘ্নে। শত শত কোটি টাকা ঋণ নিয়ে সালমান রহমান, আব্দুল আউয়াল মিন্টুরা হয়ে যান রাষ্ট্র ক্ষমতার অংশীদার। টাকা দেয়ার কথা তারা ভুলে যান, ভুলে যায় রাষ্ট্রও। লাভবান হন কিছু রাজনীতিবিদ-আমলা-মন্ত্রী। আর তিন হাজার টাকা ঋণ ফেরত দিতে না পারায় কৃষকের হালের বলদটি কেড়ে নেয় রাষ্ট্র। সেই ছোট্ট এই রাষ্ট্রটির বিশাল মন্ত্রী বাহিনী কী কাজ করছেন? কতোটা ব্যস্ত সময় কাটাচ্ছেন তারা?

২১ 'দ্রব্যমূল্য খুব বেশি  
অস্বাভাবিক ছিল না।  
এখন আরো একটু কমেছে।  
দাম এখন স্বাভাবিকই বলা যায়'



চট্টগ্রাম-৯ আসনের বিএনপি সংসদ সদস্য আবদুল্লাহ আল নোমান। জোট সরকারের খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী। গম কেলেকারির ঘটনা নিয়ে এখন তিনি খুবই আলোচিত। দ্রব্যমূল্যের উর্ধ্বগতিও তাকে আলোচনায় এনেছে। বিএনপি'র ভেতরে মুক্তিযুদ্ধের পক্ষ এবং বিপক্ষ এরকম দুটি প্রায় স্বীকৃত গ্রুপ আছে। আবদুল্লাহ আল নোমানের পরিচিতি মুক্তিযুদ্ধের পক্ষের হিসেবে। গত নির্বাচনের সময় মীর নাছিরসহ বিএনপি'র বেশ কয়েকজন নেতা সরাসরি তার বিরোধিতা করেছেন। এ কারণে নোমান-নাছির গ্রুপিং চট্টগ্রাম রাজনীতির আলোচিত বিষয়। এই গ্রুপিং রাজনীতির কারণে সাংগঠনিকভাবে নোমান কিছুটা নিষ্ক্রিয় হয়ে পড়েছেন বলেও অভিযোগ আছে। তার বিরুদ্ধে আরো অভিযোগ আছে সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয় দেয়ার। চট্টগ্রাম মেডিকেল কলেজের আলোচিত সন্ত্রাসী বিপ্লব পরিচিতি নোমানের ক্যাডার হিসেবে। পুলিশ বলছে তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। অথচ বিপ্লব ঘুরছে প্রকাশ্যে। ১৮ আগস্ট সকাল সাড়ে দশটা। সচিবালয়ে খাদ্যমন্ত্রীর অফিস রুম। সাপ্তাহিক ২০০০-এর মুখোমুখি হয়েছিলেন খাদ্যমন্ত্রী আবদুল্লাহ আল নোমান ...

■ মন্তব্য প্রতিবেদন : রাজনীতিতে বিদেশী এনজিও - ১৮

■ প্রতিবেদন : খাসিয়া পুঞ্জি : উচ্ছেদ আতঙ্কের পর মৃত্যুভয় - ৩৮

■ প্রতিবেদন : ক্রীড়াঙ্গনে আদম পাচার - ৫৯

■ সাক্ষাতকার : এস.এ.টি.এম বদরুল হক, চেয়ারম্যান, বাংলাদেশ টেলিফোন ও টেলিগ্রাফ বোর্ড - ৩৫

■ আন্তর্জাতিক : তুরস্ক সমাচার - ৪৯ ■ পিআরএসপি : কতটা বাস্তব সম্মত - ৪৫

■ কম্পিউটার : ইন্টারনেট কোথা থেকে শুরু করবেন - ৫৪ ■ ২৪ ঘন্টা : স্পট : রমনা পার্ক - ৪১

■ সংগঠন সংবাদ - ৬৩ ■ বই সমালোচনা - ৬৫ ■ জীবনযাপন - ৭১ ■ প্রবাস জীবন - ৬৮

■ বিনোদন - ৮০ ■ আপন দর্পণ - ৭৩ ■ হৃদয় জনালা - ৭৫ ■ ঘটনা প্রবাহ - ১১

■ ফোরাম - ৮